# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বাগানে সালাত আদায় করা।

باب مَا جَاءَ فِي الصَّلاَةِ فِي الْحِيطَانِ

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ، حَدَّثَنَا الْحَسَنُ بْنُ أَبِي جَعْفَرٍ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ أَبِي الطُّفَيْلِ، عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَسْتَحِبُّ الصَّلاَةَ فِي الْحِيطَانِ . قَالَ أَبُو دَاوُدَ يَعْنِي الْبَسَاتِينَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ مُعَاذٍ حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ الْحَسَنِ بْنِ أَبِي جَعْفَرٍ . وَالْحَسَنُ بْنُ أَبِي جَعْفَرٍ قَدْ ضَعَّفَهُ يَحْيَى بْنُ سَعِيدٍ وَغَيْرُهُ وَأَبُو الزُّبَيْرِ اسْمُهُ مُحَمَّدُ بْنُ مُسْلِمِ بْنِ تَدْرُسَ وَأَبُو الطُّفَيْلِ اسْمُهُ عَامِرُ بْنُ وَاثِلَةَ .

বাংলা

৩৩৪. মাহমূদ ইবনু গায়লান (রহঃ) ...... মু’আয ইবনু জাবাল রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উদ্যানের ভিতর (নফল) সালাত আদায় করতে পছন্দ করতেন। - যইফা ৪২৭০, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩৪ [আল মাদানী প্রকাশনী]

আবূ দাউদ (রহঃ) বলেনঃ হাদীসোক্ত শব্দ الحيطن অর্থ বাগান। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ মু’আয রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি গারীব। হাসান ইবনু আবী জা’ফর ব্যতীত অন্য কোন সূত্রে এটি বর্ণিত আছে বলে আমাদের জানা নেই। ইয়াহইয়া ইবনু সাঈদ (রহঃ) প্রমুখ হাদীস বিশারদ হাসান ইবনু আবী জা’ফর কে যঈফ বলে চি□□হ্নত করেছেন। রাবী আবূয্-যুবায়র-এর নাম হল মুহাম্মাদ ইবনু মুসলিম ইবনু তাদরুস। আর আবূত-তুফায়লের নাম হল আমির ইবনু ওয়াসিলা।

## English

Mu'adh ibn Jabal narrated:
"The Prophet liked to perform Salat in Al-Hitan."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ মু‘আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17523

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন